

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২২, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ : ১০ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ/২৪ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনকে কেন্দ্র করে
বাংলাদেশ ক্রিকেট বোর্ড কর্তৃক Cricket Celebrates Mujib 100 অনুষ্ঠান এবং
“Mujib 100 T20 Cup Bangladesh 2020” আয়োজনের লক্ষ্যে মূল্য সংযোজন কর
(মূসক) মওকুফকরণ।

সূত্র : (১) বাংলাদেশ ক্রিকেট বোর্ড এর সূত্র নং-বিসিবি/প্রশাসন/২০২০/১৮৯; তারিখ : ১২
মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ।

(২) বাংলাদেশ ক্রিকেট বোর্ড এর সূত্র নং-বিসিবি/প্রশাসন/২০২০/৯৯; তারিখ : ১৫
ফেব্রুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ।

নং ১০/মূসক/২০২০—যেহেতু, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী
উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) এর ব্যবস্থাপনায় ১৮ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ
তারিখে দেশি-বিদেশি শিল্পী ও কলাকুশলীদের অংশগ্রহণে Cricket Celebrates Mujib 100
অনুষ্ঠান এবং ২১ ও ২২ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে ‘Asian All Star XI’ বনাম ‘Rest of the

(৫৭৬৫)

মূল্য : টাকা ৮.০০

World XI’ এর অংশছাহণে “Mujib 100 T20 Cup Bangladesh 2020” আয়োজন করার জন্য নির্ধারিত ছিল। সূত্রোক্ত ১নং পত্র মারফত জানা যায় উপরোক্ত অনুষ্ঠানসমূহ আপাতত স্থগিত হইলেও অনুষ্ঠানগুলো আয়োজনের পূর্ণাঙ্গ প্রস্তুতি ইতোমধ্যেই সম্পন্ন হওয়ায় ‘Cricket Celebrates Mujib 100’ অনুষ্ঠানের জন্য নির্ধারিত শিল্পী ও কলাকুশলীবৃন্দের সম্মানীর অঙ্গীম প্রদান এবং “Mujib 100 T20 Cup Bangladesh 2020”-এর টি২০ ম্যাচ দুইটির সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন ক্রীড়া সামগ্রী, ট্রফি এবং পুরস্কার সামগ্রী আমদানির বিষয়সমূহ প্রক্রিয়াধীন থাকায় উল্লিখিত ক্ষেত্রসমূহে সকল প্রকার মূসক হইতে অব্যাহতি প্রদানের অবশ্যিকতা থাকায়;

যেহেতু, এই টুর্নামেন্টের সহিত দেশের ভাবমূর্তি জড়িত এবং বাংলাদেশ ক্রিকেট বোর্ড এ খেলাসমূহ দেশ-বিদেশে সরাসরি টেলিভিশনে সম্প্রচারের দায়িত্ব গ্রহণ করিয়াছে- যাহা বাংলাদেশের ক্রিকেট ও দেশের জন্য গৌরবের ও সম্মানের। এছাড়া, এই টুর্নামেন্ট হইতে আয়লক্ষ অর্থ ক্রিকেটের অবকাঠামোগত উন্নয়নসহ সার্বিক উন্নয়নে ভূমিকা রাখিবে এবং টিভি সম্প্রচারে আরো নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অনুষ্ঠানটিকে বহির্বিশে আরো আকর্ষণীয় করিয়া উপস্থাপন করা সম্ভব হইবে;

যেহেতু, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন ০১ (এক) বছর সময়সীমার মধ্যে উক্ত অনুষ্ঠানসমূহের সময়সূচী পুনঃনির্ধারণ করা হইবে বিধায় আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন সঙ্গীত শিল্পী এ আর রহমান ও কলাকুশলীবৃন্দের অঙ্গীম সম্মানী প্রদান অত্যাবশ্যক, অন্যথায় উক্ত অনুষ্ঠানটি পুনঃনির্ধারণে তাদের সিডিউল পাওয়ার অনিশ্চয়তা সৃষ্টি হইতে পারে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্প্রৱক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) এর ব্যবস্থাপনায় দেশি-বিদেশি শিল্পী ও কলাকুশলীদের অংশছাহণে Cricket Celebrates Mujib 100 অনুষ্ঠান এবং ‘Asian All Star XI’ বনাম ‘Rest of the World XI’ এর অংশছাহণে “Mujib 100 T20 Cup Bangladesh 2020” আয়োজনের লক্ষ্যে সমুদয় মূল্য সংযোজন কর (মূসক) হইতে নিম্নবর্ণিত শর্তসম্পেক্ষে অব্যাহতি প্রদান করিল :

শর্তাবলি :

- (ক) দেশি-বিদেশি শিল্পী ও কলাকুশলীদের অংশছাহণে Cricket Celebrates Mujib 100 অনুষ্ঠান এবং ‘Asian All Star XI’ বনাম ‘Rest of the World XI’ এর অংশছাহণে “Mujib 100 T20 Cup Bangladesh 2020” টুর্নামেন্টের ক্ষেত্রে শুধুমাত্র নিম্নবর্ণিত ক্ষেত্রে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে; যথা :—
- (অ) অংশছাহণকারী খেলোয়াড় ও কর্মকর্তা এবং বিদেশি শিল্পী ও কলাকুশলীদের ফি/পারিশ্রমিক, আবাসন/হোটেল ভাড়া, বিমান ভাড়া, যাতায়াত ব্যয়সহ অন্যান্য ব্যয়;

- (আ) বাণিজ্যিক পৃষ্ঠপোষক, টিভি সম্প্রচার স্বত্ব লাভকারী প্রতিষ্ঠানের নিকট হইতে বিসিবি'র প্রাপ্ত অর্থ;
- (ই) আয়োজিতব্য অনুষ্ঠানের ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহৃত বিদেশ হইতে আমদানিতব্য বিভিন্ন যন্ত্রপাতি, সাউন্ড সিস্টেমস, লাইট, এলাইডি স্ক্রিন, স্টেইজ নির্মাণ সামগ্রী ও Fireworks Display (আতশবাজী) সামগ্রী;
- (ঈ) টিভি সম্প্রচার ব্যয় এবং বাংলাদেশ ক্রিকেট বোর্ড কর্তৃক আমদানিতব্য টুর্নামেন্ট ট্রফি, রেপ্লিকা ট্রফি ও অন্যান্য উপহার সামগ্রী।
- (ঁ) আলোচ্য অনুষ্ঠানের পরিশোধযোগ্য অর্থের যাবতীয় হিসাব বিবরণী বাংলাদেশ ক্রিকেট বোর্ড কর্তৃক সংশ্লিষ্ট কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটকে অর্থ পরিশোধের দশ (১০) দিনের মধ্যে অবহিত করিতে হইবে; এবং
- (গ) দফা (ক) এ বর্ণিত কার্যক্রমসমূহ ব্যতীত বাংলাদেশ ক্রিকেট বোর্ড কর্তৃক বাংলাদেশের অভ্যন্তরে গৃহীত অন্য কোনো সেবা বা পণ্য সরবরাহ দ্রব্যের ক্ষেত্রে এই অব্যাহতি প্রযোজ্য হইবে না।

০২। উপরি-উক্ত শর্তাবলি সঠিকভাবে প্রতিপালিত না হইলে প্রযোজ্য মূল্য সংযোজন কর আইনানুগ পছায় আদায়যোগ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন
প্রথম সচিব (মুসক নীতি)।